যুগান্তর

তারিখ ... 30 OCT 2017 ...
... ১৮ ... কলাম ... ৮ ......

কলেজ মাইগ্রেশনের দাবি

# গাজীপুরে সিটি মেডিকেল কলেজের শিক্ষার্থীদের সড়ক অবরোধ

**গাজীপুর প্রতিনিধি**

গাজীপুরে সিটি মেডিকেল কলেজের শিক্ষার্থীরা ওই মেডিকেল কলেজ থেকে অন্য মেডিকেল কলেজে মাইগ্রেশনের দাবিতে এবং কর্তৃপক্ষের নানা অনিয়মের প্রতিবাদে রোববার ক্লাস বর্জন, বিক্ষোভ ও অবস্থান কর্মসূচি পালন করেছে। এ সময় তারা ঢাকা-টাঙ্গাইল মহাসড়কে আগুন ধরিয়ে প্রায় একঘন্টা অবরোধ করে রাখে।
গাজীপুর সিটি কর্পোরেশনের চান্দনা চৌরাস্তাসংলগ্ন ইটাহাটা এলাকায় অবস্থিত সিটি মেডিকেল কলেজ ও হাসপাতালের তৃতীয়, চতুর্থ ও পঞ্চম ব্যাচের শতাধিক শিক্ষার্থী কলেজ মাইগ্রেশনের দাবিতে এবং কর্তৃপক্ষের নানা অনিয়মের প্রতিবাদে দীর্ঘদিন ধরে আন্দোলন করে আসছে। রোববার সকাল থেকে ক্লাস বর্জন করে বিভিন্ন ব্যানার-ফেস্টুনসহ কলেজের সামনে বিক্ষোভ করতে থাকে। একপর্যায়ে দুপুর ১২টার দিকে তারা মিছিল নিয়ে বের হয়ে কলেজের সামনে ঢাকা-টাঙ্গাইল মহাসড়কের ওপর অবস্থান নেয় এবং সড়কে অবরোধ সৃষ্টি করে করে। এ সময় বিক্ষুব্ধ শিক্ষার্থীরা সড়কের ওপর কাগজ ও পরিত্যক্ত বস্তুতে আগুন ধরিয়ে দেয়। এতে প্রায় ঘণ্টাব্যাপী ওই সড়কের উভয় পাশে যানবাহন চলাচল বন্ধ হয়ে যায়।
খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে উপস্থিত হয়ে সড়কের ওপর থেকে আন্দোলনরতদের সরিয়ে দিলে দুপুর ১টার দিকে সড়কে যানবাহন চলাচল শুরু হয়। পরে শিক্ষার্থীরা বিকাল পর্যন্ত অধ্যক্ষ কার্যালয় ভবনের সামনে অবস্থান করে।